

ঝালকাঠি জেলা উন্নয়ন সমন্বয় কমিটির এপ্রিল/২০১৬ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মিজানুল হক চৌধুরী, জেলা প্রশাসক, ঝালকাঠি
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, ঝালকাঠি
তারিখ : ১১ এপ্রিল ২০১৬
সময় : সকাল ১০.০০ ঘটিকা
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট- "ক"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঝালকাঠি মার্চ/১৬ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোনরূপ সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। বিভিন্ন বিভাগের বাস্তবায়নাদীন প্রকল্পসমূহের অগ্রগতিসহ জেলার উন্নয়নমূলক কার্যক্রম সম্পর্কে পৃথকভাবে বিস্তারিত আলোচনা করার জন্য সকলকে অনুরোধ করা হয়। সভায় বিভাগভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রং	আলোচনা	সিদ্ধান্ত
১.	<p>পুলিশ বিভাগ : পুলিশ সুপার, ঝালকাঠি এর প্রতিনিধি সভায় জানান, এ জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। কোন অপ্রীতিকর ঘটনা ছাড়াই সম্প্রতি পৌরসভা ও ইউনিয়ন পরিষদ নির্বাচন সম্পন্ন হয়েছে। এ সময়ে সহযোগিতার জন্য তিনি সকলকে পুলিশ বিভাগের পক্ষ থেকে ধন্যবাদ জানান। পুলিশের স্বাভাবিক সকল কার্যক্রম ও তৎপরতা অব্যাহত আছে এবং ভবিষ্যতে তা অব্যাহত থাকবে মর্মেও তিনি সভাকে অবহিত করেন। ভবিষ্যতেও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া অফিস নিরাপদ রাখার লক্ষ্যে বিশেষ করে অফিস বন্ধের দিনগুলিতে বেশী সতর্কতা অবলম্বনের জন্য তিনি সকল অফিস প্রধানগণকে পরামর্শ দেন।</p>	<p>১. স্বাভাবিক কার্যক্রমসহ রেজিস্ট্রেশনবিহীন যানবাহন ও মাদকদ্রব্যের বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখতে হবে। ২. অফিস বন্ধের দিনগুলিতে সকল সরকারি অফিসের নিরাপত্তার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে।</p> <p>বাস্তবায়নে : ১. পুলিশ সুপার, ঝালকাঠি / বিভাগীয় প্রধান (সকল) ২. উপজেলা নির্বাহী অফিসার, ঝালকাঠি সদর/ নলছিটি/ রাজাপুর/ কাঠালিয়া উপজেলা ৩. সহকারীকমিশনার(ভূমি), ঝালকাঠি সদর/নলছিটি/ রাজাপুর/কাঠালিয়া উপজেলা।</p>
২.	<p>স্বাস্থ্য বিভাগ : সিভিল সার্জন, ঝালকাঠি সভায় জানান যে, ঝালকাঠি জেলায় মার্চ/২০১৬ মাসে বহির্বিভাগে এবং অন্তঃবিভাগে রোগীকে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। জেলায় চালু ৮৬টি কমিউনিটি ক্লিনিকে বহির্বিভাগে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। জেলায় ই পি আই কার্যক্রমের আওতায় শিশুকে বিভিন্ন টিকা এবং মহিলাকে টি টি টিকা প্রদান করা হয়েছে এবং বিভিন্ন বিভাগে অপারেশন করা হয়েছে। চিকিৎসক সংকট সত্ত্বেও সেবা কার্যক্রম অব্যাহত রাখার প্রচেষ্টা চলছে। সদর হাসপাতালটি দীর্ঘ দিন পর্যন্ত সংস্কারের অভাবে জরাজীর্ণ হয়ে পড়েছে। হাসপাতালের বাউন্ডারি দেয়াল মেরামত করাসহ ড্রেন সংস্কারকরণ, মাটি ভরাট এবং হাসপাতালের সম্মুখে রাস্তা মেরামত করা আবশ্যিক। হাসপাতালের বর্জ্য ফেলার জন্য কয়েকটি ডাম্পিং পিট তৈরি করা, ইনসেনিটর স্থাপন করা জরুরি। সদর হাসপাতালের ডায়রিয়া ওয়ার্ডে (যেটি মূল ভবন হতে আলাদা) সেখানে একটি জেনারেটর অথবা সৌর বিদ্যুতের ব্যবস্থা করা আবশ্যিক। সিভিল সার্জন অফিসের সম্মেলন কক্ষ এবং হাসপাতালের সম্মেলন কক্ষে শীততাপ নিয়ন্ত্রণ ব্যবস্থা করা প্রয়োজন। হাসপাতালের বহির্বিভাগসহ ৮(আট) টি ওয়ার্ডের পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ মাত্র ০৪ জন ঝাড়ুদার দিয়ে চলছে। বহির্বিভাগে রোগীদের বসার জন্য বেঞ্চ দরকার। স্বেচ্ছা অবসরের কারণে ডোম পদটি শূন্য থাকায় পোস্টমর্টেম ব্যাহত হচ্ছে। তিনি জানান যে, এ জেলায় বিশ্ব স্বাস্থ্য দিবস সুষ্ঠুভাবে পালিত হয়েছে। তিনি সকলকে সুশৃঙ্খল জীবনযাপন ও দৈনিক কিছু শারীরিক পরিশ্রম বা</p>	<p>১. স্বাভাবিক সেবা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ২. বিশেষজ্ঞ চিকিৎসকের শূন্য পদসহ সকল শূন্যপদ পূরণ এবং অন্যান্য সমস্যা সম্পর্কে পৃথক পত্র দ্বারা জেলা প্রশাসকের মাধ্যমে কর্তৃপক্ষকে অনুরোধ জানাতে হবে। ৩. দ্রুত কলেরা স্যালাইন সংগ্রহের ব্যবস্থা নিতে হবে। ৪. বেসরকারী ক্লিনিকগুলো যথানিয়মে স্বাস্থ্যসেবা প্রদান করছে কিনা তা সংশ্লিষ্ট কমিটি দ্বারা পরিদর্শনের ব্যবস্থা নিতে হবে।</p> <p>বাস্তবায়নে : ১. সিভিল সার্জন, ঝালকাঠি</p>

